

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

বিষয়: স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ফেব্রুয়ারি' ২০১৭ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি	: জনাব মো: আনোয়ার হোসেন, যুগ্ম সচিব (পার), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
স্থান	: মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৩০২, ভবন নং-৩)।
তারিখ ও সময়	: ২৮.০২.২০১৭ খ্রিঃ, বিকালঃ ৩:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর জনাব মোহাম্মদ নাসির উদ্দীন, উপসচিব, প্রশাসন-৪ ও সদস্য, ইনোভেশন টিম-কে গত সভার কার্যবিবরণী পাঠের অনুরোধ করেন। গত সভার কার্যবিবরণী পাঠ শেষে সর্বসম্মতিক্রমে বিনা সংশোধনীতে তা দৃঢ়করণ করা হয়।

২. সভাপতি অধিদপ্তর/দপ্তরসমূহের নিয়মিত ইনোভেশন টিমের সভা অনুষ্ঠান ও ইনোভেশন টিম পুনর্গঠন বিষয়ে পুনরায় অনুরোধ করেন। মোসা: শাহীনুর বেগম, সহকারী পরিচালক (সমন্বয়), নাসিং ও মিডওয়াইফারী অধিদপ্তরের জানান, নাসিং ও মিডওয়াইফারী অধিদপ্তরের ইনোভেশন টিম ইতোমধ্যে পুনর্গঠন করা হয়েছে। ডাঃ মো: হারুন-অর-রশীদ, সহকারী পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তরের জানান, স্বাস্থ্য অধিদপ্তরের ইনোভেশন টিম পুনর্গঠনের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। সকল অধিদপ্তর ও দপ্তরসমূহকে নিয়মিতভাবে ইনোভেশন টিমের সভা অনুষ্ঠানসহ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী যথারীতি মন্ত্রণালয়ের প্রেরণের জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

৩. জনাব মোহাম্মদ নাসির উদ্দীন, উপসচিব, প্রশাসন-৪ ও সদস্য, ইনোভেশন টিম জানান, স্বাস্থ্য অধিদপ্তর ও ঔষধ প্রশাসন অধিদপ্তর ব্যতিত অপরাপর সকল অধিদপ্তর/দপ্তরে ০২ (দুই) দিনের প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। এ দুটি অধিদপ্তর/দপ্তরে জরুরিভিত্তিতে ০২ (দুই) দিনের প্রশিক্ষণ সম্পন্ন করা প্রয়োজন। মার্চ ২০১৭ মাসের মধ্যে প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্নের জন্য সভাপতি স্বাস্থ্য অধিদপ্তর ও ঔষধ প্রশাসন অধিদপ্তর-কে অনুরোধ করেন।

৪. প্রশিক্ষণ কারিকুলামে ইনোভেশন অন্তর্ভুক্তির বিষয়ে জনাব আব্দুল হামিদ মোড়ল, উর্ক্টন প্রশিক্ষক, নিপোর্ট জানান, এবিষয়ে এটুআই প্রোগ্রামের জনাব মাহাবুবুর রহমান এর সাথে আলাপ হয়েছে। নিপোর্টের প্রশিক্ষণ কারিকুলামে ইনোভেশন কন্টেন্ট অন্তর্ভুক্তির বিষয়টি প্রক্রিয়াধীন। নিমিট এন্ড টিসি, টেমো, ঔষধ প্রশাসন অধিদপ্তর এবং স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরে কোন প্রশিক্ষণ প্রতিষ্ঠান নেই। তবে অন দ্যা জব ট্রেনিং ও নিয়মিত প্রশিক্ষণে ইনোভেশন কন্টেন্ট থাকে। জনাব মোহাম্মদ নাসির উদ্দীন, উপসচিব, প্রশাসন-৪ ও সদস্য, ইনোভেশন টিম জানান, পরিবার পরিকল্পনা অধিদপ্তর ও স্বাস্থ্য অধিদপ্তর এর বিভিন্ন প্রশিক্ষণ কারিকুলামে ইনোভেশন অন্তর্ভুক্তি সংক্রান্ত কোন প্রতিবেদন পাওয়া যায়নি।

৫. সভাপতি সকল প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রশিক্ষণ কারিকুলামে ইনোভেশন অন্তর্ভুক্তির জরুরি পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন এবং ইনোভেশন টিমের সদস্যসহ উর্ধ্বতন কর্মকর্তাগণকে অফিস পরিদর্শনের সময়ে ইনোভেশন প্রকল্পগুলো ভিজিট করার অনুরোধ করেন।



৬. সভায় সর্বসমতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

- ৬.১: স্বাস্থ্য অধিদপ্তর ও ঔষধ প্রশাসন অধিদপ্তর মার্চ ২০১৭ মাসের মধ্যে ০২ (দুই) দিনের প্রশিক্ষণ সম্পন্ন করবে;
- ৬.২: পরিবার পরিকল্পনা অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর এবং নিপোর্ট কর্তৃক প্রশিক্ষণ কারিকুলামে ইনোভেশন কন্টেন্ট অন্তর্ভুক্তির বিষয়ে জরুরিভিত্তিতে পদক্ষেপ গ্রহণ করতে হবে; এবং
- ৬.৩: সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের মাসিক সভার কার্যবিবরণী যথারীতি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

১২. আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত: ১৩.০৩.২০১৭
(মো: আনন্দার হোসেন)
যুগ্ম-সচিব (পার)

নং- ৪৫.১৪১.০৯৩.০০.০০.০০৮.২০১৬-৬২


তারিখ: ১৩.০৩.২০১৭ খ্রি:

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. যুগ্মসচিব (মেരামত ও রক্ষণাবেক্ষণ) অধিশাখা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. উপসচিব (জনস্বাস্থ্য-১/প্রবা-৩/প্রশাসন- ১) অধিশাখা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩. পরিচালক (গবেষণা) স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, আনসারি ভবন, তেপখানা রোড, স্বাপকম, ঢাকা।
৪. উপপ্রধান (স্বাস্থ্য), পরিকল্পনা অনুবিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৫. সিনিয়র সহকারী সচিব (হাসপাতাল-৩), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৬. সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৭. ইনোভেশন অফিসার (স্বাস্থ্য অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর/ ঔষধ প্রশাসন অধিদপ্তর/নিপোর্ট/নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর), ঢাকা।
৮. ইনোভেশন অফিসার, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, বা/এ, ঢাকা।
৯. ইনোভেশন অফিসার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
১০. ইনোভেশন অফিসার, টেমো, মহাখালী, ঢাকা।

কার্যার্থে:

১. সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার সেল, স্বাপকম, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
২. অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।


২০০৩ ২০১৭
(মোহাম্মদ নাসির উদ্দীন)
উপসচিব

ফোনঃ ৯৫৪০৩৬২
ই-মেইল-monitor@mohfw.gov.bd